



রাজধানীতে বিপুল হাড়-কঙ্কালসহ ৪৭ খুলি উদ্ধার, গ্রেপ্তার ৪



সংগৃহীত ছবি

রাজধানীতে বিশেষ অভিযানে বিপুল পরিমাণ মানবদেহের হাড়গোড় ও ৪৭টি মাথার খুলি উদ্ধার করেছে পুলিশ। এ ঘটনায় কঙ্কাল চুরির সঙ্গে জড়িত একটি চক্রের চার সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে। অভিযানটি পরিচালনা করে ঢাকা মহানগর পুলিশ-এর তেজগাঁও বিভাগ।
সোমবার (৯ মার্চ) দিবাগত রাতে বিষয়টি নিশ্চিত করেন ডিএমপি মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগ-এর উপপুলিশ কমিশনার মুহাম্মদ তালেবুর রহমান।
পুলিশ জানিয়েছে, আটক ব্যক্তির দীর্ঘদিন ধরে মানবদেহের কঙ্কাল ও হাড় চুরির কাজে জড়িত ছিল। উদ্ধার হওয়া খুলি ও হাড়ের উৎস এবং এই চক্রের সঙ্গে আরও কারা সম্পৃক্ত, তা খতিয়ে দেখা হচ্ছে। ঘটনার বিস্তারিত তুলে ধরতে বুধবার (১০ মার্চ) ডিএমপি মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলন করা হবে।

LENS ASIA